

দৈনিক বাংলা

ঢাকা : বৃহস্পতিবার, ১৭ই ফাল্গুন, ১৩৯০ : ১লা মার্চ, ১৯৪৪

আমরা মর্মান্ত

গত মঙ্গলবার পুরনো ফুলবাড়িয়া রেল স্টেশনের কাছে পুলিশের ট্রাক একটি ছত্র মিছিলে ঢুক পড়লে ঢাকার তল্লাশ পিষ্ট হয়ে দুইজন ছাত্র মর্মান্তিক মৃত্যুবরণ করেন। এই ঘটনায় বেশ কয়েকজন ছাত্র আহত হন। এই বেদনাদায়ক ঘটনা আমাদের মর্মমূল ধরে নাড়া দিয়েছে। শোক প্রকাশের ভাষা আমাদের নেই। বার বার আমাদের মনে এই ক্ষুধা প্রশ্ন মাথা তুলেছে, কেমন করে এই মর্মান্তিক ঘটনা ঘটতে পারল ?

মঙ্গলবার সন্ধ্যায় এক প্রেস নোটের মাধ্যমে সরকার জানিয়েছেন, মিছিলকর্মীদের ইটপাটকলে পুলিশ ট্রাকের ড্রাইভার গাড়ির নিয়ন্ত্রণ হারিয়ে ফেললে এই দুর্ভাগ্যজনক ঘটনা ঘটে। সরকার এই ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করে নিহতদের পরিবার-পরিজনদের প্রতি সমবেদনা জানিয়েছেন।

পুলিশের ট্রাকের তল্লাশ পিষ্ট হয়ে মিছিলের দুইজন ছাত্রের করুণ মৃত্যুর ঘটনা জনচিত্তকে গভীরভাবে আলোড়িত করেছে। ছাত্রসমাজসহ দেশের বিভিন্ন মহলে এ ঘটনায় ক্ষোভ ও নিন্দা জ্ঞাপন করেছেন এবং তারা দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেছেন। এমন একটি ঘটনা যে মানুষের হৃদয়কে অবগ-আন্দোলিত করবে এবং নানা প্রশ্নে বিম্বিত করবে, এ খুবই স্বাভাবিক ব্যাপার।

আমরা মনে করি, এ ঘটনা সম্পর্কে উচ্চ পর্যায়ের তদন্ত হলে বিভিন্ন প্রশ্ন ও জরুরি যেমন নিরসন ঘটবে, তেমন দোষী ব্যক্তিদের শাস্তিবিধানও সম্ভব হবে। এমন করণ, এমন বেদনামহ এবং জনচিত্ত আলোড়নকারী একটি ঘটনা সম্পর্কে উচ্চ পর্যায়ের তদন্ত হওয়া আবশ্যিক। এ ব্যাপারে ইতিমধ্যেই থানায় মামলা দায়ের করা হয়েছে বলে প্রেসনোটে জানানো হয়েছে।

দুইজন ছাত্রের এই মর্মান্তিক মৃত্যুতে আমরা অসহ ও আমাদের শোক জ্ঞাপন করি এবং তাদের আত্মার কল্যাণ কামনা করি। তাদের পরিবার-পরিজনকে জনহী গভীর সমবেদনা। এ ঘটনায় যারা আহত হয়েছেন, তাদের প্রতি সমবেদনা জানিয়ে কামনা করি তারা দ্রুত সুস্থ হয়ে উঠেন।